# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ
## বাংলাদেশ নৌ বাহিনী
## সোনাকান্দা, নারায়ণগঞ্জ

কেবলঃ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ দরপত্র (স্থানীয় বিক্রয়) ফোন নং ৭৬৬১৪৮২

দরপত্র অনুসন্ধান নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৩.৩৭৩ তারিখ ১২ সেপ্টেম্বর ২০২৩ ইং

ডকুমেন্ট বিক্রয় মূল্য টাকা ফ্রি

মেসার্স ..........................................
.................................................
.................................................

**বিষয়ঃ অত্র প্রতিষ্ঠানের বাণিজ্যিক শাখার পুরাতন ভবনের উত্তর পার্শ্বে বর্ধিত অংশটি বিক্রয় প্রসঙ্গে**

## টেন্ডারের শর্তাবলী

আমি/আমরা উপরে উল্লেখিত পুরাতন ভবনের উত্তর পার্শ্বের বর্ধিত অংশটি ক্রয়ের জন্য টেন্ডার জমা দিচ্ছি এবং নিচে বর্ণিত টেন্ডারে যাবতীয় শর্ত মেনে চলার অঙ্গীকার করছি ঃ

১। **দরপত্র বন্ধের তারিখ ও সময়।**
দরপত্র গ্রহণ করার সময় ১২.১৫ বেলা ১৯ সেপ্টেম্বর ২০২৩ ইং

২। **দরপত্র জমা দেওয়ার স্থান।**

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, নারায়ণগঞ্জ এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে এবং দরপত্র ডাক যোগে পাঠানো যেতে পারে।

৩। **দরপত্র খোলার তারিখ এবং সময়।**

উপস্থিত দরদাতাগন অথবা তাদের মনোনীত প্রতিনিধি, যদি কেউ উপস্থিত থাকেন, তাদের সম্মুখে দরপত্র বন্ধের পর ১২.৩০ সময় তারিখে ১৯ সেপ্টেম্বর ২০২৩ ইং খোলা হবে।

৪। **দরপত্র সীলিং এবং মার্কিং**

ক। দরপত্র ডবল ইনভেলাপের ভিতর এবং বাইরে উভয়ের উপরে সীল মোহর সহ ম্যানেজিং ডাইরেক্টর, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এই ঠিকানায় দাখিল করতে হবে।

খ। বাইরের ইনভেলাপে টেন্ডার নং, খোলার তাং এবং সময় উল্লেখিত করতে হবে। ভিতরের ইনভেলাপে দরপত্র প্রেরকের পুরা নাম ও ঠিকানা লিখতে হবে যাতে দেরিতে প্রাপ্ত এবং অগ্রহণযোগ্য দরপত্র প্রেরকের নামে ফেরৎ পাঠানো যেতে পারে।

গ। যদি বাইরের ইনভেলাপে উক্ত নিয়মকানুন মোতাবেক যথোপযুক্ত সীল এবং সম্বোধন না থাকে তা হলে দরপত্র খোয়া যাওয়া বা সময়ের পূর্বে খোলার জন্য অত্র প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

৫। **জামানতের টাকা।** টেন্ডার জমা দেওয়ার সময় টাকা ৫০,০০০.০০ (টাকা পঞ্চাশ হাজার মাত্র) আর্নেষ্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার **ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ** এর নামে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফলভাবে কার্য শেষ করার পর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না। (তালিকভূক্ত সরবরাহকারি/ঠিকাদারদের জন্য প্রযোজ্য নহে)।

Dockyard & Engineering Works Ltd. Bangladesh Navy

৬। **শর্তসমূহঃ**

ক। সর্বোচ্চ দরদাতা হিসাবে গৃহীত ব্যক্তি বা সংস্থা পুরাতন ভবনের উত্তর পাশ্বে বর্ধিত অংশটি সরবরাহ নেয়ার জন্য বিক্রয়াদেশ প্রদান করা হবে।

খ। বিক্রয়াদেশ প্রাপ্তির পর ০৩ (তিন) দিনের মধ্যে বাণিজ্যিক শাখার পুরাতন ভবনের উত্তর পার্শ্বে বর্ধিত অংশটির সম্পূর্ন মূল্য হিসাব বিভাগের ক্যাশ শাখায় পরিশোধ করতে হবে। মূল্য পরিশোধের পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে পুরাতন ভবন ভাঙ্গার কাজ শুরু করতে হবে এবং পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে ভবনের উত্তর পার্শ্বে বর্ধিত অংশটির বেইজসহ স্থাপনাসমূহ ভাঙ্গা, অপসারণ পূর্বক পরিস্কার পরিচ্ছন্নতার কাজ সম্পন্ন করে মালামালসমূহ নিজ খরচে বাহিরে নিয়ে যেতে হবে। যেহেতু উক্ত ভবনের পাশে দাপ্তরিক কার্যক্রম চলমান থাকবে, সেক্ষেত্রে অফিস সময় ব্যতিত অন্যান্য সময় কাজটি বাস্তবায়নে অধিকতর গুরুত্ব প্রদান করতে হবে (কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সকল কাজ সম্পন্ন করতে হবে)।

গ। পুরাতন ভবনের উত্তর পার্শ্বের বর্ধিত অংশটি ভাঙ্গার সময় দক্ষিণ পার্শ্বের ভবন ও আশপাশ দিয়ে চলাচলকারী ব্যক্তি বর্গের কোন ক্ষয়ক্ষতি না হয় এবং সকল ধরণের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য নিরাপত্তা বেস্টনি স্থাপন করাসহ কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে কর্তৃপক্ষ তাৎক্ষনিক ভাঙ্গা বন্ধ করে দেয়ার ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও অন্যান্য ভবন/স্থাপনার ক্ষয়ক্ষতি হলে তার দায় দায়িত্ব ঠিকাদারকে বহন করতে হবে এবং নিজ খরচে উক্ত স্থাপনা/ ভবন মেরামত/নবায়ন করে দিতে হবে।

ঘ। সর্বোচ্চ দরদাতা পুরাতন ভবনের বর্ধিত অংশটি ভাঙ্গা, অপসারণ পরিস্কার পরিচ্ছন্নতার কাজ ও মালামালসমূহ গ্রহণ করতে ব্যর্থ হলে, উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। ২য় সর্বোচ্চ দরদাতাকে বিধি মোতাবেক কার্যাদেশ প্রদান করা যেতে পারে।

ঙ। কর্তৃপক্ষ প্রয়োজনীয় শর্তাবলী সংশোধন/ সংযোজনের ক্ষমতা সংরক্ষন করে।

৭। **সময় বাড়ানোঃ** ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ ঠিকাদারের নিকট থেকে সরবরাহের সময় বাড়ানোর জন্য সংগত কারণসহ লিখিত আবেদন পেলে অথবা কোন অনিবার্য্য কারণ বসতঃ যেমন কোন (প্রাকৃতির বা রাজনৈতিক) কারণে নিজেদের বিবেচনা অনুসারে সরবরাহের শেষ করার সময়সীমা বাড়াতে পারবেন।

৮। **ক্ষতি বা দূর্ঘটনার জন্য খেসারতঃ** কাজ করার সময় যদি ঠিকাদারের নিজের, তার কর্মচারীর বা শ্রমিকের কোন রকম দূর্ঘটনা ঘটে তার জন্য ঠিকাদার সম্পূর্ন দায়ী থাকবে। এ সমস্ত দূর্ঘটনাজনিত খেসারত, যা প্রচলিত আইনানুসারে ক্ষতিগ্রস্থ দাবিদারের প্রাপ্য তা ঠিকাদারকে পরিশোধ করতে হবে। এছাড়া ঠিকাদার প্রতিষ্ঠানের নিয়োগকৃত কর্মচারী/ শ্রমিকের দ্বারা অত্র প্রতিষ্ঠানের কোন জিনিস খোয়া/হারানো গেলে ঠিকাদারী প্রতিষ্ঠান সম্পূর্ণরুপে দায়ী থাকবে।

৯। ঠিকাদার প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করবেন।

১০। আমি/আমরা উপরে উল্লেখিত চুক্তির যাবতীয় শর্তাবলী মেনে নিলাম এবং স্বাক্ষর করলাম।

মোঃ নাসিম হায়দার
সিনিয়র লিয়াঁজো অফিসার
বাণিজ্যিক শাখা

**দরদাতার স্বাক্ষর ও সীল**

পূর্ণ ঠিকানা

ফোন নং-----------------------------------
তারিখ--------------------------------------

**বাণিজ্যিক শাখার পুরাতন ভবনের উত্তর পার্শ্বে বর্ধিত অংশটি বিক্রয় প্রসঙ্গে**

ক। এডমিন বিভাগের (সিভিল সেকশন) আন্তবিভাগীয় নোট নং০৬.০২.৬৭৫৮.১৬৫.৫৫.২৪১.২৩.৩৫৯ তারিখ ০৭ সেপ্টেম্বর ২০২৩।

| ক্রঃ নং | বিবরণ | একক | পরিমান | ভ্যাট ও ট্যাক্সসহ একক মূল্য | ভ্যাট ও ট্যাক্সসহ মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ১। | বাণিজ্যিক শাখার পুরাতন ভবনের উত্তর পার্শ্বে বর্ধিত অংশ (জানালা, ফাইল কেবিনেট, ইলেকট্রিক্যাল ও স্যানিটারী মালামাল ব্যতিত) বিক্রয় করা হবে। সেই সাথে বিক্রিত অংশটি ভেঙ্গে এম এস বীম, রড, দরজা, ইট ও সুরকিসহ সমস্ত আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন করে নিজস্ব খরচে বাহিরে নিতে হবে। | বর্গফুট | ৪০০ | | |
| | | | | ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট দর টাকা | |

কথায়ঃ..........................................................................................................................

..........................................................................................................................

**দরপত্র কমিটির স্বাক্ষর**

বাণিজ্যিক শাখা — হিসাব রক্ষণ শাখা — ব্যবহারকারী

আমরা সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

ঠিকাদারের সাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-

মোঃ নাসিম হায়দার
সিনিয়র লিয়াজো অফিসার (বাণিজ্যিক)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ